



বাংলাদেশ শিশু একাডেমি

জাপানের ফুকুওকায় আগামী ১১ই জুলাই থেকে ২১শে জুলাই ২০২৬-এ অনুষ্ঠিতব্য Asian-Pacific Children's Convention in Fukuoka (APCC)-এর শিশু সমাবেশে BRIDGE KIDS PROGRAMS-এর সাংস্কৃতিক দলের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের জন্য বাংলাদেশের শিশুদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান

আবেদনকারী শিশুদের বয়স :

- শিশুর জন্মতারিখ অবশ্যই ১লা আগস্ট ২০১৪ থেকে ৩১শে জুলাই ২০১৫ এর মধ্যে হতে হবে।

যোগ্যতা :

- নৃত্য ও সংগীতে প্রশিক্ষিত এবং অন্যান্য বিষয়ে দক্ষ হতে হবে।
- মা-বাবা/পরিবার ছেড়ে দুই সপ্তাহ প্রত্যেককে পৃথকভাবে জাপানে হোস্ট ফ্যামিলির সঙ্গে অবস্থান করতে হবে এবং সে দেশের খাদ্য গ্রহণে আগ্রহী ও সক্ষম হতে হবে।
- শিশুকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে। হাম, এ্যাজমা বা এ্যালার্জি-সহ অন্যকোনো ছোঁয়াচে রোগে আক্রান্ত শিশুদের আবেদন গ্রহণযোগ্য হবে না।
- যোগ্যতার ভিত্তিতে ২ জন ছেলে শিশু এবং ২ জন মেয়ে শিশু নির্বাচন করা হবে। নির্বাচিত শিশুরাই হবে (APCC)-র জুনিয়র অ্যাম্বাসেডর।

নিয়মাবলি :

- আবেদনকারীকে জন্মসনদ-এর সত্যায়িত ফটোকপি, অধ্যক্ষ/প্রধান শিক্ষকের নিকট থেকে অধ্যয়নরত শ্রেণি ও বয়সের প্রত্যয়ন, অন্যান্য যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, পাসপোর্টের সত্যায়িত ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, হাম, এ্যাজমা বা এ্যালার্জি-সহ অন্যকোনো ছোঁয়াচে রোগ নেই মর্মে ডাক্তারের সার্টিফিকেট-সহ আবেদন করতে হবে। এ জন্য নির্ধারিত আবেদনপত্র রয়েছে। নির্ধারিত আবেদনপত্র অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে অথবা সরাসরি আবেদন প্রেরণ করতে হবে। আবেদনপত্র বাংলাদেশ শিশু একাডেমির জেলা, উপজেলা ও প্রধান কার্যালয়ের সাংস্কৃতিক বিভাগ থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও www.shishuacademy.gov.bd থেকে আবেদনপত্র ডাউনলোড করা যাবে। আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র-সহ সরাসরি অথবা ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। অসম্পূর্ণ কিংবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক যাচাই-বাছাই করা হবে। যোগ্য শিশুদেরকে সাক্ষাৎকার/অডিশন দিতে হবে। সাক্ষাৎকার/অডিশনের তারিখ ও সময় ডাকযোগে/ই-মেইলে/মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- সাক্ষাৎকারের দিন আবেদনকারী শিশুকে পাসপোর্ট-সহ সকল কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। পাসপোর্টের বৈধতার মেয়াদ কমপক্ষে জানুয়ারি ২০২৭ পর্যন্ত থাকতে হবে।
- নির্বাচিত জুনিয়র অ্যাম্বাসেডরদের শিশু একাডেমির প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এসময় অভিভাবকদের উপস্থিতি বাধ্যতামূলক এবং প্রশিক্ষণকালীন অভিভাবকদের কোনো অযৌক্তিক/অপ্রাসঙ্গিক আপত্তি গ্রহণযোগ্য হবে না। সাক্ষাৎকার/অডিশন-সহ প্রশিক্ষণ এবং ওরিয়েন্টেশনকালীন কোনো ভাতা প্রদান করা হবে না।
- সাক্ষাৎকার/অডিশনে প্রাথমিকভাবে নির্বাচিত শিশুদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে। যারা উত্তীর্ণ হবে, তারাই BRIDGE KIDS PROGRAMS-এ অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে। সাক্ষাৎকার/অডিশনের বিচারক মণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- জুনিয়র অ্যাম্বাসেডর হিসেবে জাপানের ফুকুওকায় অনুষ্ঠিতব্য BRIDGE KIDS PROGRAMS থেকে ফিরে এসে বাংলাদেশ শিশু একাডেমির তত্ত্বাবধানে ব্রিজ ক্লাবের সদস্য হতে হবে এবং উল্লিখিত কর্মসূচির লক্ষ্য অনুযায়ী বিশ্ব নাগরিক হিসেবে অবদান রাখতে হবে।
- যাতায়াত এবং জাপান অবস্থানকালীন সকল ব্যয়ভার APCC বহন করবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ আগামী ২৫শে মার্চ, বুধবার, ২০২৬।

মোছঃ আরজু আরা বেগম

মহাপরিচালক

বাংলাদেশ শিশু একাডেমি

ফোন : +৮৮০২২২৩৩৮৯০৬১

ই-মেইল : dgbsa22@gmail.com